प्रेस प्रकाशनी PRESS RELEASE

भारतीय रिज़र्व बैंक
RESERVE BANK OF INDIA

वेबसाइट : www.rbi.org.in/hindi
Website : www.rbi.org.in
ई-मेल/email : helpdoc@rbi.org.in

आज़ादी का अमृत महोत्सव

**संचार विभाग,** केंद्रीय कार्यालय, शहीद भगत सिंह मार्ग, फोर्ट, मुंबई-400001
**Department of Communication**, Central Office, Shahid Bhagat Singh Marg, Fort, Mumbai-400001 फोन/Phone: 022- 22660502

14 আগস্ট, 2023

# দী নবপল্লী কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, পশ্চিমবঙ্গ এর উপর ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক আর্থিক জরিমানা আরোপ করেছে

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (আরবিআই) 07 অগাস্ট, 2023 তারিখের একটি আদেশ দ্বারা, দী নবপল্লী কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, পশ্চিমবঙ্গ (ব্যাঙ্ক) উপর ₹2,50,000/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) আর্থিক জরিমানা আরোপ করেছে 'এক্সপোজার নর্মস এবং সংবিধিবদ্ধ/অন্যান্য বিধিনিষেধ - UCB' এবং 'রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া - (আপনার গ্রাহককে জানুন (কেওয়াইসি)) নির্দেশিকা, 2016' - এর কিছু বিধান মেনে না চলার জন্য। ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949-এর ধারা 46 (4) (i) এবং 56 ধারা সহ পঠিত ধারা 47 A (1) (c) এর বিধানের অধীনে RBI-এ অর্পিত ক্ষমতা প্রয়োগে এই দণ্ড আরোপ করা হয়েছে।

এই ক্রিয়াপদক্ষেপ বিধিসম্পর্কিত (regulatory) অনুপালন কার্যে খামতির ভিত্তিতে গ্রহণ করা হয়েছে, এবং এর অভিপ্রায় ব্যাঙ্ক কর্তৃক তার গ্রাহকের সাথে কোনো লেনদেন (transaction) বা সম্মতিসনদ (agreement)-এর বৈধতা বিচার করা নয়।

## পটভূমি

31 শে মার্চ, 2022 তারিখে তার আর্থিক অবস্থার উপর ভিত্তি করে ব্যাংকের পরিদর্শন প্রতিবেদনে প্রকাশ করা হয়েছে যে, ব্যাংকটি প্রুডেনশিয়াল আন্তঃব্যাংক (গ্রস) এক্সপোজার সীমা (Prudential Inter-bank (gross) exposure limit), প্রুডেনশিয়াল আন্তঃব্যাংক কাউন্টার-পার্টি সীমা (Prudential inter-bank counter party exposure limit) লঙ্ঘন করেছে এবং অ্যাকাউন্ট সমূহের ঝুঁকি শ্রেণীবিভাজন (risk categorisation of accounts) সংক্রান্ত পর্যায়ভিত্তিক সমীক্ষা (periodic review) করতে ব্যর্থ হয়েছে। এর ভিত্তিতে, নির্দেশবিধি অমান্য করার জন্য কেন জরিমানা আরোপ করা হবে না সেই কারণ দর্শানোর পরামর্শ দিয়ে ব্যাঙ্ক-টির প্রতি একটি বিজ্ঞপ্তি (Notice) জারি করা হয়েছিল।

নোটিশে ব্যাঙ্ক টি-র জবাব, তৎ-সম্পর্কিত অতিরিক্ত দাখিলাদি এবং ব্যক্তিগত শুনানি কালীন পেশ করা দাখিলাদি বিবেচনা করা'র পর আরবিআই এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে আরবিআই-এর নির্দেশবিধি অননুপালন জনিত প্রাগুক্ত অভিযোগ গুলি (charges) বাস্তবের ভিত্তিতে প্রতিষ্ঠিত এবং আর্থিক জরিমানা আরোপ যথোপযুক্ত।

**(যোগেশ দয়াল)**
মুখ্য মহাপ্রবন্ধক

**প্রেস প্রকাশনী: 2023-2024/756**